

**Class II**  
**2<sup>nd</sup> Language (Bengali)**  
**Chapter 2**  
**Worksheet**

**Topic - সুশীল বালক**

**গদ্যের বিষয় বস্তু**

তোমাদের আগে বলি সুশীল বালকের মানে কি। সুশীল মানে ভাল। বালক মানে ছেলে। এই গল্পতে সুশীল একটি ছেলের নাম। সুশীল তার মা ও বাবাকে খুব ভালবাসে আর তাঁদের কথা শোনে। সে মন দিয়ে লেখাপড়া করে আর সবসময় ভাবে লেখাপড়া না শিখলে সে চিরকাল কষ্ট পাবে। সুশীল তার ভাই বোন দেব এত ভালবাসে যে সে কারও কাছে কোন খাবার জিনিস পেলে তাদের না দিয়ে একা খায় না।

সুশীল কোন দিন মিথ্যে কথা বলে না। সে জানে মিথ্যে কথা বললে তাকে কেউ ভালবাসবে না আর ঘৃণা করবে। সুশীল কোন খারাপ কাজ করে না। যদি করেও, তার মা বাবা তাকে বকলে কখনও রাগ করে না। সে কখনও কাউকে কোন খারাপ কথা বলে না আর কারও সঙ্গে ঝগড়া করে না।

সুশীল কারও জিনিসে হাত দেয় না। সে ভাবে কারও জিনিস নেওয়া মানে চুরি করা। সে একদমই কুঁড়ে নয়। যখন যেই কাজ করার কথা, তখন সেই কাজ গুলো সেরে ফেলে। লেখাপড়া না করে খেলা করে বেড়ায় না।

সুশীল কখনও খারাপ ছেলে অথবা দুঃশীল বালকদের সাথে বন্ধুত্ব করে না, কারণ সে ভাবে যে ও যদি খারাপ ছেলেদের সাথে মেশে তাহলে ও খারাপ ছেলে হয়ে যাবে।

**১. অর্থ লেখ :**

- ক) সুশীল
- খ) বালক
- গ) অতিশয়
- ঘ) উপদেশ

- ঙ) কদাচ
- চ) সম্বর
- ছ) নিষেধ
- জ) দৈবাত
- ঝ) কটু
- ঞ) ক্লেশ
- ট) আলস্য
- ঠ) ভ্রাতা
- ড) ভগিনী

## ২. শূন্যস্থান পূর্ণ করো:

- ক) সে কখনও \_\_\_\_\_ কাজ করে না।
- খ) কারও সাথে \_\_\_\_\_ মারামারি করে না।
- গ) সে মনে করে দুঃশীলদের সাথে বেড়ালে ও \_\_\_\_\_ করলে \_\_\_\_\_ দুঃশীল হয়ে যাব।

## ৩. প্রশ্নের উত্তর লেখ :

- ক) সুশীল বালক কাকে অতিশয় ভালবাসে?  
উ:
  - খ) সুশীল বালক মন দিয়ে কি করে?  
উ:
  - গ) সুশীল বালক কাদের খাবার না দিয়ে নিজে খায় না?  
উ:
  - ঘ) যে মিথ্যে কথা বলে তাদের ভাগ্যে কী কী ঘটে?
-

## বাড়ির কাজ:

১. নীচের কথাগুলো ঠিক হলে (✓) দাগ দাও ভুল হলে (X) দাও:

ক) চুরি করা বড়ো দোষ।

খ) যে সময়ের যে কাজ মন দিয়ে তা করা উচিত নয়।

গ) লেখাপড়া না করে খেলে বেড়ানো ভাল।

ঘ) দুঃশীল বালকদের সাথে যে থাকে সেও দুঃশীল হয়ে যায়।

ঙ) বালক সুশীল আলস্যে দিন কাটায়।

২. বাক্য রচনা কর:

ক) লেখাপড়া

খ) ঝগড়া

গ) অন্যায়